

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date: 27.09.2024**

**Time: 7:50 P.M.**

## ବିଶେଷ ବିଶେଷ ଖବର -

- ১) আর জি কর মেডিকেল কলেজ হাসপাতালে আর্থিক দুর্নীতির ঘটনায় সিবিআই আজ রাজ্য স্বাস্থ্য দফতরের থেকে বিভিন্ন মেডিকেল কলেজ হাসপাতালে বায়ো মেডিকেল বর্জ্য সংক্রান্ত নথি চেয়ে পাঠিয়েছে।
  - ২) আর জি কর কাণ্ডে ন্যায় বিচারের দাবিতে ওয়েস্ট বেঙ্গল জুনিয়ার ডক্টর্স ফন্টের ডাকা গন কনভেনশনে আগামী দোশরা অক্টোবর মহালয়ার দিন ধর্মতলায় মহা সমাবেশ আয়োজনের সিদ্ধান্ত হয়েছে।
  - ৩) দক্ষিণবঙ্গে আবহাওয়ার উন্নতি হলেও উত্তরবঙ্গের নদীগুলিতে জল বাঢ়ছে। আবহাওয়া দফতর আগামীকাল উত্তরবঙ্গে ভারী বৃষ্টির লাল সতর্কতা জারি করেছে।
  - ৪) বিজেপি বন্যায় ক্ষতিগ্রস্তদের এককালীন ১ লক্ষ টাকা করে আর্থিক সাহায্য দেওয়ার দাবি জানিয়েছে।
  - ৫) আই এস এল ফুটবলে, যুবভারতী ক্রীড়াঙ্গণে ইস্টবেঙ্গল, এফ সি-র গোয়ার মুখোমুখি।

oooooooooooooooooooooooooooo

আর জি কর মেডিকেল কলেজ হাসপাতালে আর্থিক দুর্নীতির ঘটনায় সিবিআই আজ রাজ্য স্বাস্থ্য দপ্তরের কাছ থেকে বিভিন্ন মেডিকেল কলেজ ও হাসপাতালে বায়োমেডিকেল বর্জ্য বা বি এম ডার্লিউ সংক্রান্ত নথি চেয়ে পাঠিয়েছে। চিঠিতে ২০২০-২১ সাল থেকে ২০২৪-২৫ আর্থিক বছরের নথি তলব করা হয়েছে বলে সিবিআই সূত্রে খবর। বর্জ্য ব্যবস্থাপনায় কেন্দ্রীয় নীতি মানা হয়েছে কিনা তাও জানতে চাওয়া হয়েছে। কোন হাসপাতালে কোন সংস্থা বায়োমেডিক্যাল বর্জ্য সংগ্রহে প্লাস্টিক ব্যাগ সরবরাহের বরাত পেয়েছিল, তা জানতে চায় কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। বরাতের চুক্তিপত্রের সবিস্তার তথ্য তলব করেছে সিবিআই।

উল্লেখ্য, হাসপাতালের প্রাক্তন ডেপুটি সুপার আখতার আলির অভিযোগের প্রেক্ষিতে কলকাতা হাইকোর্টের নির্দেশে বায়োমেডিক্যাল বর্জ্য কেলেক্ষারির তদন্ত করছে সিবিআই।

০০০০০০০০০০০০০০০০০০০

আর জি কর কান্ডে ন্যায় বিচারের দাবিতে ওয়েস্ট বেঙ্গল জুনিয়ার ডক্টর্স ফ্রন্টের ডাকা গন কনভেনশনে আগামী দোশরা অক্টোবর মহালয়ার দিন ধর্মতলায় মহা সমাবেশ আয়োজনের সিদ্ধান্ত হয়েছে। তার আগে হবে এক মহা মিছিল। বেলা ১-টা থেকে এই কর্মসূচী শুরু করা হবে বলে WBJDF-এর তরফে ডাক্তার দেবাশিষ হালদার আজ এস এস কে এম অডিটোরিয়ামে ওই গন কনভেনশনে জানিয়েছেন। বিচারহীনতার ৫০ দিন অতিক্রান্ত হওয়ার পরেও ন্যায় বিচার না পাওয়া পর্যন্ত তাদের আন্দোলন চলবে বলেও ডাক্তার অনিকেত মাহাতো জানিয়েছেন।

রবিবার ২৯-শে সেপ্টেম্বর গ্রহণ করা হচ্ছে আরও এক কর্মসূচী, পাড়ায় থাকছি এক সাথে, উৎসবে নয়, প্রতিবাদে। ওই দিন বিচারের দাবিতে রাজপথ থেকে ওলিগলিতে প্রতিবাদে সামিল হওয়ার জন্য সাধারণ মানুষকে আর্জি জানিয়েছেন জুনিয়ার

চিকিৎসকেরা। কনভেনশনে অন্যদের মধ্যে সমাজকর্মী মীরাতুন নাহার, বোলান গঙ্গোপাধ্যায়, মীর, কৌশিক বন্দ্যোপাধ্যায় প্রমুখ বক্তব্য রাখেন।

উল্লেখ্য, ধনধান্য অডিটোরিয়ামে এই কনভেনশন আয়োজনের অনুমতি বাতিল হয়ে যাওয়ার পর এস এস কে এম অডিটোরিয়ামে তা আয়োজন করা হয়। আগামীদিনে আন্দোলন কোন পথে এগোবে, বা পরবর্তী কর্মসূচী কি হবে, তা নিয়ে এই কনভেনশনে আলোচনা হচ্ছে। মুখ্য সচিবের সঙ্গে বৈঠকে রাজ্য সরকারের পক্ষ থেকে যে প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল, তা পূরণ করার বিষয়টি খতিয়ে দেখা হয়েছে। তবে, উৎসবে যোগ দিতে তারা অনিচ্ছুক বলে স্পষ্ট জানিয়েছে WBJDF।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাতে কর্মস্থলে মহিলাদের নিরাপত্তা সুনিশ্চিত করতে রাজ্য সরকারের রাত্তিরের সাথী - হেল্পার অ্যাট নাইট চালুর বিষয়ে আনুষ্ঠানিকভাবে বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। রাজ্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দফতরের পক্ষ থেকে প্রাকাশিত ওই বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, রাজ্যপালের অনুমতি ক্রমে কলকাতা পুলিশের অধীনস্ত এলাকার চারটি সরকারী এবং একটি সুপার স্পেশালিটি হাসপাতাল ও একটি জেলা হাসপাতালে কর্তব্যরত নিরাপত্তা কর্মীদের মধ্যে পর্যবেক্ষণ, সমন্বয় এবং নজরদারী গড়ে তুলতে এই কর্মসূচী চালু করা হচ্ছে। কলকাতা পুলিশ কমিশনারের সুপারিশের ভিত্তিতেই ৬ অবসরপ্রাপ্ত পুলিশ আধিকারিক প্রতিটি হাসপাতালের দায়িত্বে থাকবেন। ন্যাশনাল মেডিকেল, কলকাতা মেডিকেল, এন আর এস, এস কে এম, গার্ডেনরিচ সুপার স্পেশালিটি এবং টালিগঞ্জ এম আর বাঙ্গুরের দায়িত্ব দেওয়া হলেও আর জি কর হাসপাতালের দায়িত্ব কাউকে দেওয়া হয়নি।

০০০০০০০০০০০০০০০০

আরজিকরে তরুণী চিকিৎসককে ধর্ষণ ও খুনের ঘটনায় দোষীদের শাস্তির দাবীতে আজ বর্ধমানে মিছিল ও প্রতিবাদ সভা করে তিনটি বামপন্থী সংগঠন সিআইটিইউ, সারা ভারত কৃষক সভা ও ক্ষেত্রমজুর সংগঠন। বর্ধমান স্টেশন চতুর্থ থেকে মিছিল শহরের কার্জনগেটে যায়। মিছিল শেষে সেখানে প্রতিবাদ সভা করে আন্দোলনকারী সংগঠনের সদস্যরা।

০০০০০০০০০০০০০০০০০০০

রেশন বণ্টন দুর্নীতি মামলায় খাদ্য দফতরের তিন আধিকারিক আজ ইডি দফতরে হাজিরা দেন।

উত্তর ২৪ পরগনা এবং দক্ষিণ ২৪ পরগনার রেশন ব্যবস্থা সংক্রান্ত গুরুত্বপূর্ণ নথি তারা জমা দেন। এর মধ্যে আছে ওই দুই জেলায় মোট কতগুলি রেশন দোকান রয়েছে, কতজন রেশন কার্ডগ্রাহক আছেন এবং কতগুলি মিল এই ব্যবস্থার সঙ্গে যুক্ত, এই ধরনের তথ্য। ইডি এই সমস্ত নথি যাচাই করে দেখবে বলে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে তৃতীয় NDA সরকারের প্রথম একশ দিন নিয়ে আকাশবানী কোলকাতার সংবাদ বিভাগ আগামীকাল (২৭/৯) রাত সাড়ে নটায় একটি বিশেষ আলোচনা সম্পর্কে করবে। এতে অংশ নিয়েছেন রাষ্ট্রবিজ্ঞানী সুব্রত হোর এবং সাংবাদিক জয়ন্ত বসু। সপ্তাহনায় শক্তি মুখোপাধ্যায়।

অনুষ্ঠানটি শোনা যাবে আকাশবানী কোলকাতার গীতাঞ্জলি ও ১০৭ মেগাহার্টজ প্রচার তরঙ্গে এবং DTH প্রচার তরঙ্গে।

০০০০০০০০০০০০০০০০০০০

আবহাওয়ার উন্নতি হওয়ায় দক্ষিণবঙ্গের বিভিন্ন নদীতে জলস্তর কিছুটা নামলেও প্রবল বৃষ্টিতে জল বাড়ছে উত্তরবঙ্গের নদীগুলিতে। ইতিমধ্যেই করোলা, তিস্তা, তোসা মহানন্দা, জলটাকা সহ বিভিন্ন নদীতে জলস্তর বেড়েছে।

আজ সকালে তিস্তার গজলডোবার ব্যারেজ থেকে ২'হাজার ৬০০ কিউসেক হারে জল ছাড়ায় বন্যার আশঙ্কা তৈরী হয়েছে। স্বাভাবিকভাবেই উদ্বেগ বেড়েছে বাসিন্দাদের। মেখলিগঞ্জের অসংরক্ষিত এলাকায় জারি করা হয়েছে লাল সতর্কতা।

তিনদিনের ক্রমাগত বৃষ্টিতে নাগরাকাটা ব্লকের চ্যাংমারি গ্রামে নেওলা বস্তি সংলগ্ন এলাকায় তিস্তার জল তুকে বন্যা পরিস্থিতির সৃষ্টি হয়েছে। এলাকার বেশকিছু পরিবার জলবন্দী। তিস্তার চরেও আটকে পড়েছে বেশকিছু মানুষ ও গবাদি পশু। জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনী এন ডি আর এফ ও ব্লক প্রশাসনের আধিকারিকরা দুর্গত এলাকায় ত্রাণ ও উদ্ধারের কাজ চালাচ্ছে।

কালিম্পং প্রশাসনও বাড়তি নজরদারি চালাচ্ছে। ধস নেমেছে দার্জিলিং-এর সিংমারি সহ বেশ কয়েকটি জায়গায়। বিপদজনক হয়ে উঠেছে ১০ নম্বর জাতীয় সড়ক। আজ সকালে দার্জিলিং-এর মীরিক, ঘুম সুকিয়াপোখরি সহ অন্যান্য বেশ কয়েকটি এলাকায় ধস নামে। ক্ষতিগ্রস্ত কয়েকটি বাড়ি। সিংথাম - রঙপো রোডে কুড়ি মাইলে পাহাড় থেকে বোল্ডার নেমে আসায় রাস্তা বন্ধ করে দিতে হয়েছে। গতকাল ধস নামে মেনলি বাজারের কাছে ১০ নম্বর জাতীয় সড়কে। এরফলে শিলিগুড়ি - গ্যাংটকের মধ্যে সংযোগকারী রাস্তায় যানজটের সৃষ্টি হয়।

০০০০০০০০০০০০০০০০

এদিকে, ঝাড়খণ্ডে বৃষ্টিপাত কমায় ডিভিসিও তাদের বিভিন্ন জলাধার থেকে জল ছাড়ার পরিমাণ কমিয়েছে। এর জেরে রাজ্যের বন্যা পরিস্থিতির কিছুটা উন্নতি হয়েছে। মাইথন জলাধার থেকে আজ ৬ হাজার কিউসেক ও পাঁচেত থেকে ২০ হাজার কিউসেক জল ছাড়া হয়েছে।

পশ্চিম মেদিনীপুরের ঘাটালে নতুন করে বন্যা পরিস্থিতির অবনতি হয়নি। তবে ঘাটাল মহকুমার ঘাটাল, দাসপুর, চন্দ্রকোনা, মেদিনীপুর সদর মহকুমার কেশপুর অঞ্চলের বহু গ্রাম এখনও জলমগ্ন। সেখানে ১১৪টি ত্রাণ শিবির চালানো হচ্ছে। হাওড়া, ভগলি এবং পশ্চিম মেদিনীপুরের নিচু এলাকাগুলি থেকে জল নামছে। গ্রামীণ হাওড়ার আমতা এবং উদনারায়ণপুরের বন্যা পরিস্থিতিও কিছুটা উন্নতি হয়েছে। নদীবাঁধ টপকে নতুন করে জল গ্রামে ঢোকেনি। তবে এখনও বহু এলাকা জলমগ্ন। ত্রাণশিবির গুলি খোলা রয়েছে। বন্যা পরিস্থিতির উন্নতি হয়েছে ভগলিতেও। জেলার খানাকুল, গোঘাট, পুরশুড়া এবং তারকেশ্বরের জলমগ্ন গ্রামগুলি থেকে জল নামছে। তবে জল নেমে পরিস্থিতি পুরোপুরি স্বাভাবিক হতে পুজো গড়িয়ে যাবে বলে মনে করা হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০

পশ্চিম মেদিনীপুরের খড়গপুর মহকুমার ডেবরা ব্লকের বহু গ্রাম এখনও জলের তলায়। প্লাবিত হয়ে গেছে কৃষিজমি, ঘরবাড়ি। হাজার হাজার মানুষ অভূত, গৃহহীন হয়ে দিন কাটাচ্ছে। ডেবরার ৭নম্বর অঞ্চলের বিভিন্ন গ্রামে এখনো এক কোমরের উপর জল আছে বলে স্থানীয় গ্রামবাসীদের দাবি। পরিস্থিতি স্বাভাবিক হতে এখনও কয়েকদিন সময় লাগবে। এইসব বন্যা দুর্গত মানুষের পাশে এসে "মেদিনীপুর রিয়েল এস্টেট ডেভলপার অ্যাসোসিয়েশন"- এর সদস্যরা আজ ত্রাণ বিলি করেন।

পূর্ব মেদিনীপুরের পাঁশকুড়ার মানুরে কংসাবতী নদী বাঁধের কাজ চলাকালীন আজ আবার জলের তোড়ে বাঁধ ভেঙে যায়। এর জেরে গ্রামে কংসাবতীর জল চুকচ্ছে। এলাকার মানুষ আতঙ্কে ঘরছাড়া।

টানা বৃষ্টিতে পুরুলিয়ার মানবাজার এক নম্বর ব্লকে কদমা ও বামনী গ্রামের মধ্যবর্তী চাকা নদী ওপর সেতুটি আজ সন্ধ্যায় ভেঙে পড়ে। এরফলে এলাকার ২০-টি

গ্রামের যোগাযোগ বিচ্ছিন্ন । সমস্যায় পড়েছেন অসংখ্য মানুষ। উল্লেখ্য, এই সেতুর ওপর দিয়ে বাঁকুড়া ও পুরুলিয়ার বেশ কয়েকটি বাস চলাচল করে।

এদিকে পূর্ব বর্ধমান জেলার ভাতারের কালুত্তক গ্রামে আজ একটি মাটির বাড়ি ভেঙে পড়ে যদিও অল্লের জন্য রক্ষা পান বসবাসকারীরা। নিম্নচাপের জেরে বৃষ্টিপাতের ফলে বাড়ির এক অংশ বসে গিয়েছিল। আজ হঠাৎ করে সেটা ভেঙে পড়ে বলে স্থানীয় সুত্রে জানা গিয়েছে।

উত্তর ২৪ পরগনার হাসনাবাদ পঞ্চায়েতের ট্যাংরামারি এলাকায় ইছামতি নদী বাঁধে ধস নামায এলাকায় আতঙ্ক ছড়িয়েছে। প্রবল বর্ষণে নদী বাঁধের প্রায় ৩০ ফুট ধসে নদীতে চলে গিয়েছে। সামনেই অমাবস্যার ভরা কটাল। তার আগে এই ধসের জেরে যেকোনো সময় নদী বাঁধ ভেঙে প্লাবিত হতে পারে হাসনাবাদের একাধিক গ্রাম। স্থানীয়দের অভিযোগ প্রশাসনকে জানানো হলেও কোন ব্যবস্থা নেয়ানি তারা।

০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর-মধ্য মহারাষ্ট্র ও দক্ষিণ-পশ্চিম মধ্যপ্রদেশ এবং সংলগ্ন এলাকায় সৃষ্টি ঘূর্ণাবর্ত এবং মধ্য মহারাষ্ট্র থেকে দক্ষিণ গুজরাট, উত্তর-পশ্চিম বিহার হয়ে উত্তর বাংলাদেশ পর্যন্ত বিস্তৃত অক্ষরেখার প্রভাবে বঙ্গোপোসাগর থেকে প্রচুর পরিমাণে জলীয় বাঞ্চা বায়ুমন্ডলে প্রবেশ করছে। এর জেরে উত্তরবঙ্গের চার জেলা দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি ও আলিপুরদুয়ারে আজ মাঝারি থেকে ভারী বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে আবহাওয়া দফতর।

আগামীকাল দার্জিলিং, কালিম্পং -এ অত্যন্ত ভারী বৃষ্টি এবং জলপাইগড়ি, কোচবিহার ও আলিপুরদুয়ার জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টির লাল সতর্কতা জারি করা হয়েছে।

উত্তর দিনাজপুরে জারি করা হয়েছে ভারী বৃষ্টির হলুদ সতর্কতা।

গত ২৪ ঘণ্টায় সবচেয়ে বেশি বৃষ্টি হয়েছে রায়গঞ্জ, মেখলিগঞ্জ ও বক্সাদুয়ারে ১৪ সেন্টিমিটার করে। এছাড়া বালুরঘাটে ১৩, জলপাইগড়ি, দোমোহানি ও শিলগড়িতে ১১ সেন্টিমিটার করে এবং লাভা ও হাসিমারায় ১০ সেন্টিমিটার বৃষ্টি রেকর্ড করা হয়েছে।

টানা বৃষ্টির জেরে তিঙ্গা, জলঢাকা, সংকোষ ও তোর্সা নদীতে জল বাঢ়ছে। দার্জিলিং ও কালিম্পং-এর পার্বত্য এলাকায় ধস নামারও সন্তান রয়েছে।

দক্ষিণবঙ্গে দুই ২৪ পরগনা, কলকাতা, হাওড়া, হগলী, দুই বর্ধমান ও বীরভূম জেলায় আজ বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির সন্তান রয়েছে।

০০০০০০০০০০০০০০০০০

বিজেপি, বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকদের ১লক্ষ টাকা করে এককালীন অর্থ সাহায্য দেওয়ার দাবি জানিয়েছে। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার আজ হাওড়ায় বন্যা কবলিত বিভিন্ন এলাকা পরিদর্শন এবং দুর্গতদের খাবার ও ত্রাণ বিতরণ করেন।

পরে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি অভিযোগ করেন, বন্যা পরিস্থিতি ভয়াবহ আকার নিয়েছে। কৃষকদের ফসল পুরোপুরি নষ্ট হয়ে গেছে। তাসত্ত্বেও রাজ্য সরকারের তরফে কোন উদ্যোগ দেখা যায়নি। রাজনীতি না করে কৃষকদের এই অর্থ সাহায্য দেওয়ার জন্য মুখ্যমন্ত্রীর কাছে দাবি জানান তিনি।

(বাইট - সুকান্ত)

০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রকের অধীন জুওলজিক্যাল সার্ভে অফ ইণ্ডিয়া আজ স্বচ্ছতা হি সেবা কর্মসূচি পালন করে। এর অঙ্গ হিসেবে জুওলজিক্যাল সার্ভে অফ ইণ্ডিয়া বা জেডএসআই এর পক্ষ থেকে কলকাতার প্রিন্সেপ ঘাটে হৃগলি নদীতীর এবং আশেপাশের এলাকায় পরিচ্ছন্নতা কর্মসূচি পালন করা হয়।

পূর্ব ও উত্তর-পূর্ব ভারতে নিযুক্ত ডেপুটি বিটিশ হাইকমিশনার অ্যান্ডু ফ্লেমিং পতাকা নেড়ে এই কর্মসূচির সূচনা করেন। জেডএসআই-এর অধিকর্তা ডষ্ট্রি ধৃতি ব্যানার্জি ও অন্যান্য কর্মচারী, অভিনেত্রী গার্গী রায় চৌধুরী সহ আই কিউ সিটি ওয়ার্ল্ড ইউনাইটেড স্কুল অফ বিজনেসের ছাত্র-ছাত্রীসহ প্রায় ৩০০জন এই কর্মসূচিতে অংশ নেয়।

উল্লেখ্য, কলকাতা ছাড়াও জেডএসআই-এর ১৬টি আঞ্চলিক কেন্দ্রে এই উপলক্ষে শিক্ষার্থীদের মধ্যে বিভিন্ন সচেতনতামূলক কর্মসূচি, পরিচ্ছন্নতা অভিযান ও বিভিন্ন প্রতিযোগিতার আয়োজন করা হয়।

০০০০০০০০০০০০০০০০০০০

"স্বচ্ছতা ই সেবা" কর্মসূচির আওতায় ন্যাশনাল মিশন ফর ক্লিন গঙ্গার অধীনে নমামী গঙ্গে প্রকল্পকে জনসাধারণের কাছে বাস্তবায়িত করার জন্য মালদা জেলা গঙ্গা কমিটির উদ্যোগে কালিয়াচক তিন নং ব্লক প্রশাসনের সহায়তায় আজ বৈষ্ণবনগর হাইস্কুলে প্রায় 150জন ছাত্রছাত্রীকে নিয়ে পালিত হল কর্মসূচী। স্বচ্ছতা ও পরিচ্ছন্নতা কর্মসূচির পাশাপাশি, স্বচ্ছতার শপথ, মানব শৃঙ্খল, ও র্যালিল আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন কালিয়াচক-তিন ব্লকের বিডিও সুশান্ত সিকদার, সহকারী আধিকারিক প্রতিমা লামা, জেলা প্রকল্প আধিকারিক সুরত দাস, বৈষ্ণবনগর হাই স্কুলের শিক্ষক ও ছাত্রছাত্রী, বৈষ্ণবনগর অঞ্চল প্রধান ও একাধিক পরিবেশ প্রেমী।

oooooooooooooooooooooooo

সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙনে আজ সন্ধ্যায় আইএসএল ফুটবলের ম্যাচে ইস্টবেঙ্গল এফসি গোয়ার মুখোমুখি হয়েছে। শেষ পাওয়া খবরে জানা গেছে গোয়া ২-১ গোলে এগিয়ে। গোল ২-টি করেন বোরজা হেরেরা।

ইস্টবেঙ্গল এখনো পর্যন্ত দুটি ম্যাচ খেলে, দুটিতেই পরাজিত হয়েছে। গোয়া সমসংখ্যক ম্যাচে একটি ড্র করেছে, একটিতে পরাজিত হয়েছে।

oooooooooooooooooooo

রাজা রামমোহন রায়ের আজ তিরোধান দিবস। নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে বাংলার নবজাগরণের পথিকৃৎ, সমাজ সংস্কারক, রাজা রামমোহন রায়ের ১৯১ তম প্রয়াণ দিবসে তাকে স্মরণ করা হচ্ছে। এই উপলক্ষে তাঁর জন্মভিটে ভুগলীর রাধানগরে রামমোহন স্মৃতি মন্দিরে এক অনুষ্ঠানে রাজা রামমোহনের মূর্তিতে মাল্যদান করা হয়। তাঁর উত্তরসূরী ও এলাকার সাধারণ মানুষ পুস্পার্ঘ্য অর্পন করে শ্রদ্ধা জানান। বন্যার জন্য এবার সেখানে অন্যান্য অনুষ্ঠান বাতিল করা হয়েছে। এই রামমোহন স্মৃতি মন্দিরেই আশ্রয় দেওয়া হয়েছে বন্যা দুর্গতদের।

কলকাতার ফোর্ট উইলিয়ামের সামনে ময়দানে রামমোহনের মূর্তিতে মালার্পন করা হয় রাজ্য তথ্য ও সংস্কৃত দফতরের পক্ষ থেকে।

oooooooooooooooooooo

oooooooooooooooooooo